

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৫৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আল্লাহ তাআলার দর্শনলাভ

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ رؤيةالله تَعَالَى)

### আরবী

عَنْ أَبِي ذَرِّ قَالَ سَأَلَتْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَلْ رَأَيْتَ رَبَّكَ؟ قَالَ: «نُورٌ أَنَّى أَرَاهُ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (291 / 178)، (443) ـ ( (صَحِيح)

## বাংলা

৫৬৫৯-[৫] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহ (সা.) তাকে প্রশ্ন করলাম, আপনি কি (মি'রাজের রাত্রে) আপনার প্রভুকে দেখেছেন? জবাবে তিনি (সা.) বললেন, তিনি তো এক বিরাট জ্যোতি বা আলো, অতএব আমি তাকে কিভাবে দেখতে পারি? (মুসলিম)

# ফুটনোট

সহীহঃ মুসলিম ২৯১-(১৭৮), মুসনাদে আহমাদ ২১৪২৯, মুসনাদে বাযযার ৩৯০৫, সহীহ ইবনু হিব্বান ৫৮, আল মু'জামুল আওসাত্ব ৮৩০০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (نُورٌ أَنَى أَرَاهُ) ইমাম নবাবী (রহিমাহ্লাহ) বলেন, আল্লাহ তা'আলার পর্দা তথা নূর। অতএব কিভাবে তাকে দেখব? ইমাম আবৃ আবদুল্লাহ আল মাযীব্যু আয় যমীর (রহিমাহ্লাহ) বলেন, (أَرَاهُ) শব্দের জমির ফিরবে, আল্লাহর দিকে। এর অর্থ হলো, তার নূর তাকে দেখতে বাধা দিয়েছে।

কেউ কেউ বলেছেন, একটি নূর কোথায় থেকে তা দেখতে পাব? তখন (أُنَّى) এর স্থলে (أُنَّى) হবে। কোন কোন



হানাফী মাশায়েখ বলেন, মূল ইবারত হবে(اُورُأَنَّى أَرَاهُ) অর্থাৎ আমি নূরানী আল্লাহকে দেখেছি। এখানে উল্লেখযোগ্য যে, (وَورُ أَنَّى) দুই শব্দকে একসাথে মিশিয়ে এক শব্দ বানানো বড় ভুল এবং হাদীসের ইবারতে হস্তক্ষেপ করার শামিল। (তুহফাতুল আহওয়াযী হা. ৩২৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  $\square$  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন